



গ্রামীণ কৃষি মৌসম সেবা

ভারত আবহাওয়া বিজ্ঞান বিভাগ

সেন্ট্রাল রিসার্চ ইনস্টিটিউট অফ পাট অ্যান্ড অ্যালাইড

ফাইবার্স (সিআরআইজেএফ), নীলগঞ্জ,

ব্যারাকপুর-700001২০

আইসিএআর-ক্রিজাএফ



কৃষি আবহাওয়া উপদেষ্টা বুলেটিন

তারিখ : 22-02-2022

পূর্ব বর্ধমান(পশ্চিম বঙ্গ) আবহাওয়ার পূর্বাভাস - প্রকাশনার তারিখ :2022-02-22 (পরের ৫ দিন সকাল ০৮:৩০ পর্যন্ত বৈধ)

পরিমাপক	2022-02-23	2022-02-24	2022-02-25	2022-02-26	2022-02-27
বৃষ্টিপাত (মি:মি:)	0.0	0.0	5.0	6.0	4.0
সর্বোচ্চ তাপমাত্রা (°C)	28.0	28.0	29.0	28.0	28.0
সর্বনিম্ন তাপমাত্রা (°C)	15.0	17.0	18.0	18.0	19.0
সকালের আপেক্ষিক আর্দ্রতা	63	75	73	62	72
বিকেলের আপেক্ষিক আর্দ্রতা	21	26	31	31	34
বাতাসের গতিবেগ (কি:মি:/ঘন্টা)	9.2	6.6	13.7	13.2	7.4
বাতাসের দিকনির্দেশ (ডিগ্রি)	34	154	169	158	207
মেঘের অবস্থা (ওকটা)	0	0	4	7	2

আবহাওয়ার সংক্ষিপ্তসার/সতর্কবার্তা::

আগামী কয়েকদিন পূর্ব বর্ধমান জেলাতে প্রধানত আকাশ মেঘলা থাকার সম্ভাবনা রয়েছে। আগামী ২৫ থেকে ২৭ ফেব্রুয়ারি জেলায় মোট ১৫ মিলি বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। আপেক্ষিক আর্দ্রতা সর্বাধিক ২১% থেকে ৭৩% এর আশেপাশে থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ২৭.৫ - ৩২.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২.৫ - ১৬.৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকার সম্ভাবনা আছে। পরবর্তী দিনগুলিতে বাতাস প্রধানত উত্তর এবং উত্তর-পশ্চিম দিক থেকে গড়ে ৯ - ১১ কিমি প্রতি ঘণ্টা বেগে বইবার সম্ভাবনা থাকছে। ভারতীয় মৌসম বিভাগ থেকে প্রাপ্ত বর্ধিত পরিসরের পূর্বাভাস অনুযায়ী, আগামী সপ্তাহে (ফেব্রুয়ারী ২৩ - মার্চ ১) জেলাতে স্বাভাবিকের থেকে কম বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে এবং সেই সময়ে সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের চাইতে কম থাকলেও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক কম থাকবে।

সাধারণ পরামর্শাবলী::

মাঠে থাকা বিভিন্ন ফসলের জমি থেকে নালা কেটে জল বের হওয়ার ব্যবস্থা রাখতে হবে। লক্ষ্য রাখতে হবে, যেন জমিতে জল না দাঁড়ায়। পরিনত ফল ও আনাজ আগেই তুলে নিতে হবে। মাচার ফসলে ভালো করে খুঁটি বেঁধে দিতে হবে, যাতে মাচা ভেঙ্গে না পড়ে। কলা, পেঁপে জাতীয় ফল গাছে খুঁটির ব্যবস্থা করতে হবে, যাতে গাছ পড়ে গিয়ে ক্ষতি না হয়।

বার্তামূলক পরামর্শ:

আগামী ২৫ থেকে ২৭ ফেব্রুয়ারি জেলাতে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা আছে, জমিতে জমা জল বের করার জন্য নালা কাটুন এবং দরকার বুঝে আগামীকালের মধ্যে আলু জমিতে জল দিয়ে দিন।

ফসল বিশেষ পরামর্শাবলী::

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
ধান	পলিথিন দিয়ে ঢেকে রাখা বীজতলার ভেতরে জল ঢুকে গেলে পলিথিন সরিয়ে দিয়ে শুধু রাতে চাপা দিয়ে রাখতে হবে। মূল জমিতে নিয়ে যাওয়ার আগে জিনেব ও হেঞ্জাকোনাজোল এর মিশ্রণ ২ গ্রাম/প্রতি লিটার জলে দিয়ে স্প্রে করতে হবে।
মুষ্ণ্ড ডাল	ডাল জাতীয় ফসলে ছত্রাকঘটিত পাতায় দাগ, পাতা ধ্বসা বা শিকড় পচা রোগের আক্রমণ দেখা দিলে, কার্বেন্ডাজিম ১ গ্রাম অথবা মেটিরাম + পাইরাক্লোস্ট্রবিন ৩ গ্রাম প্রতি লিটার জলে মিশিয়ে স্প্রে করতে হবে।
সারিষা	সর্ষেতে সাদা মরচে রোগের প্রকোপ দেখা যায়। সেক্ষেত্রে মেটাল্যাকসিল + ম্যানকোজেব ২.৫ গ্রাম প্রতি লিটার জলে মিশিয়ে স্প্রে করতে হবে।

উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী::

উদ্যানপালন	উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী:
আলু	আলু জমিতে জমা জল খুব তাড়াতাড়ি তা বের করে ফেলবার ব্যবস্থা করুন। আলু গাছে অবশ্যই সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে ছত্রাকনাশক প্রয়োগ করতে হবে। ছত্রাকনাশক হিসাবে ম্যানকোজেব ২.৫ গ্রাম অথবা ডাইমিথোমর্ফ ১.৫ গ্রাম অথবা সাইমোজানিল + ম্যানকোজেব ৩ গ্রাম প্রতি লিটার জলে মিশিয়ে স্প্রে করতে হবে।